গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
সেক্টর- ৮, প্লট- ৫/এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-
১২৩০ bpi.gov.bd

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আমিনুল ইসলাম<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৪ নভেম্বর ২০২১ |
| সভার সময় | দুপুর ১২.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন সিষ্টেম (জুম) |
| উপস্থিতি | রেকর্ডেড |

গত ১৪ নভেম্বর ২০২১ বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর মহাপরিচালকের সভাপতিত্বে অনলাইন ব্যবস্থাপনায় ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতির বিষয়ে বিভিন্ন প্রতিষ্ঠানের অংশগ্রহণে একটি অংশীজনের সভা (Stakeholder Meeting) অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতি বিপিআই এর উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাকে বিপিআই এর কার্যক্রম ও সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কে উপস্থাপনা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেন।

২। উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে বিপিআই এর সেবা প্রদান প্রতিশ্রুতি উপস্থাপন করেন। এক্ষেত্রে তিনি জানিয়ে দেন যে, ২০২১-২০২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় বিপিআই প্রতি ছয় মাসে একটি করে অংশীজনের সাথে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক সভার আয়োজন করে থাকে। অত:পর তিনি জানান যে, বিপিআই তিন ধরনের সেবা যথা- প্রাতিষ্ঠানিক সেবা, নাগরিক সেবা ও অভ্যন্তরীণ সেবা প্রদান করে থাকে।

৩। পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) বিপিআই, অংশীজনদের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কারো কোনো পরামর্শ থাকলে তা উপস্থাপন করার অনুরোধ জানান।

৪। আলোচনায় অংশ নিয়ে জনাব জাহিদ আনোয়ার, ম্যানেজার, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানি লিমিটেড, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের সিটিজেন চার্টারে অনলাইন সেবা অন্তর্ভুক্তির জন্য অনুরোধ জানান। যেহেতু কোভিড-১৯ পরিস্থিতি প্রায় সহনীয় হয়ে এসেছে তাই সরাসরি প্রশিক্ষণ করা যায় বলে তিনি তার মতামত ব্যক্ত করেন।

৫। পরবর্তী আলোচনায় অংশ নিয়ে জনাব মোঃ জিল্লুর রহমান, উপ-মহাব্যবস্থাপক (হিউম্যান রিসোর্স), সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড কোভিড পরিস্থিতির উন্নতি হওয়ায় সরাসরি প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সহমত পোষণ করেন।

৭। জবাবে বিপিআই এর পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) জানান, অতীতে বিপিআই একই সাথে দুই-তিন ব্যাচের প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করেছেন। বর্তমানে কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হওয়ায় বিপিআই সরাসরি প্রশিক্ষণে যেতে পারবে বলে পরিচালক সভায় আশা প্রকাশ করেন।

৮। সহকারী পরিচালক, আলাউদ্দিন আল আজাদ, হাইড্রোকার্বন ইউনিট, বিপিআই এর নিকট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সকল প্রতিষ্ঠানের ঋণের কথা অকপটে স্বীকার করেন। তিনি টেকনিক্যাল ও ননটেকনিক্যাল প্রশিক্ষণগুলো অনলাইনে অনুষ্ঠিত হওয়ায় অনেকেই ফোকাস ধরে রাখতে পারে না বলে জানান। এজন্য তিনি টেকনিক্যাল বিষয়ে সরাসরি প্রশিক্ষণ আয়োজনের অনুরোধ জানান। তিনি আরো জানান যে, বিদেশ হতে দক্ষ রিসোর্স পারসন কিংবা অবসরপ্রাপ্ত টেকনিক্যাল বিষয়ে দক্ষ ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষণ আয়োজন করলে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রতিষ্ঠানসমূহ খুব বেশি উপকৃত হবে।

৯। জবাবে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), জানান বিপিআই বাংলাদেশে স্বনামধন্য ও প্রথিতযশা ব্যক্তিদের দ্বারা প্রশিক্ষণ আয়োজন করে। এছাড়া তিনি আরো জানান বিপিআই ঢাকা বিশ্ববিদ্যালয়, বুয়েটসহ দেশের বিভিন্ন প্রান্ত থেকে তেল ও গ্যাস বিষয়ে রিসোর্সফুল ব্যক্তিদের নিয়ে ইতোমধ্যে একটি প্যানেল করেছেন। বিপিআই ভবিষ্যতে দক্ষ ও অভিজ্ঞদের নিয়ে কাজ করবে বলে সভায় আশা প্রকাশ করা হয়। বিভিন্ন প্রতিষ্ঠানে দক্ষ ও অভিজ্ঞ ব্যক্তিবর্গের তথ্য চেয়ে শীঘ্রই প্রতিষ্ঠানসমূহে পত্র প্রদান করা হবে বলে সভায় জানানো হয়।

১০। জনাব মোঃ আসাদুজ্জামান, ম্যানেজার (সাধারণ প্রশাসন), মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানি লিমিটেড জানান, কোভিড-১৯ পরিস্থিতিতে প্রশিক্ষণ কার্যক্রম চালিয়ে যাওয়ায় বিপিআই প্রশংসার দাবি রাখে। তিনি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের কোম্পানিসমূহের জন্য একটি সমন্বিত আইন তৈরির আহ্বান জানান।

১১। জবাবে পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ), জানান সরকারি কর্মচারী আইন সম্পর্কে বিপিআই বেশ কিছু প্রশিক্ষণ আয়োজন করে থাকলেও কোম্পানিসমূহের জন্য অল্প কিছু প্রশিক্ষণ আয়োজন করে থাকে। ইতোমধ্যে সুন্দরবন গ্যাস কোম্পানি লিমিটেড নিজেদের জন্য একটি কোম্পানি আইন তৈরি করেছে বলে সভায় জানানো হয়। এই আইনের আদলে অন্যান্য কোম্পানিসমূহের জন্য একটি আইন তৈরি করা যেতে পারে বলে সভায় আশা প্রকাশ করা হয়।

১২। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ আমিনুল ইসলাম
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৪.০০০০.০০৪.২৪.০০৭.১৮.৪০

তারিখ: ১ অগ্রহায়ণ ১৪২৮
১৬ নভেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন
২) চেয়ারম্যান, বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা)
৩) মহাপরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
৪) পরিচালক (যুগ্ম সচিব), প্রশাসন ও প্রশিক্ষণ অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৫) মহাপরিচালক , হাইড্রোকার্বন ইউনিট
৬) প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ, প্রধান বিস্ফোরক পরিদর্শক, বাংলাদেশ এর কার্যালয়, বিস্ফোরক পরিদপ্তর
৭) মহাপরিচালক , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
৮) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৯) ব্যবস্থাপনা পরিচালক, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড
১০) ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ গ্যাস ফিল্ডস্ কোম্পানী লিমিটেড
১১) ব্যবস্থাপনা পরিচালক , ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
১২) ব্যবস্থাপনা পরিচালক, গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)
১৩) ব্যবস্থাপনা পরিচালক, কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৪) ব্যবস্থাপনা পরিচালক, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৫) ব্যবস্থাপনা পরিচালক, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড
১৬) ব্যবস্থাপনা পরিচালক, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানী লিমিটেড
১৭) ব্যবস্থাপনা পরিচালক, বাখরাবাদ গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
১৮) ব্যবস্থাপনা পরিচালক, সুন্দরবন গ্যাস কোম্পানী লিমিটেড
১৯) ব্যবস্থাপনা পরিচালক, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল)
২০) ব্যবস্থাপনা পরিচালক, পদ্মা অয়েল কোম্পানী লিমিটেড
২১) ম্যানেজিং ডাইরেক্টর, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড
২২) ব্যবস্থাপনা পরিচালক, যমুনা অয়েল কোম্পানী লিমিটেড
২৩) ম্যানেজিং ডাইরেক্টর , ইস্টার্ন রিফাইনারী লিমিটেড
২৪) ব্যবস্থাপনা পরিচালক, এলপি গ্যাস লিমিটেড
২৫) ব্যবস্থাপনা পরিচালক, রূপান্তরিত প্রাকৃতিক গ্যাস কোম্পানী লিমিটেড
২৬) ব্যবস্থাপনা পরিচালক, ইস্টার্ন লুব্রিকেন্টস ব্লেন্ডার্স লিমিটেড
২৭) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২৮) উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
২৯) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রশিক্ষণ অধিশাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩০) বৈজ্ঞানিক কর্মকর্তা, ডাটা ম্যানেজমেন্ট অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩১) বৈজ্ঞানিক কর্মকর্তা, রিসার্চ এন্ড ডেভেলপমেন্ট (আর এন্ড ডি) অনুবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
৩২) সহকারী পরিচালক, হিসাব শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট


৩৩) সহকারী পরিচালক, ভান্ডার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৪) বৈজ্ঞানিক কর্মকর্তা, মাইনিং ইঞ্জিনিয়ারিং শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৫) বৈজ্ঞানিক কর্মকর্তা, প্রোডাকশন,প্রসেসিং এন্ড ডিস্ট্রিবিউশন টেকনোলজিস শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৬) বৈজ্ঞানিক কর্মকর্তা, ড্রিলিং এন্ড ওয়েল ডেভেলপমেন্ট টেকনোলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

৩৭) সহকারী পরিচালক, গ্রন্থাগার শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট



মোঃ আমিনুল ইসলাম

মহাপরিচালক